

## চট্টগ্রাম ভাসিটিতে ছাত্রলীগের অবরোধ পালিত

চ.বি. সংবাদদাতা : সোহরাওয়ার্দী হলের প্রভোস্টের পদত্যাগ, গেস্ট রুম থেকে ছিড়ে ফেলা বসবস্তুর ছবি পুনঃস্থাপন এবং আবাসিক হলে ডিশ এন্টেনা সংযোগের দাবিতে ছাত্রলীগের ডাকে গতকাল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে অবরোধ পালিত হয়।

সকাল ৬টা থেকে ছাত্ররা প্রতিটি রাত্তর

মোড়ে টায়ার পোড়ানোর মাধ্যমে ব্যারিকেড রচনা করে এবং ক্যাম্পাসে যানবাহন চলাচলে বাধা সৃষ্টি করে। তবে শহর থেকে ক্যাম্পাসগামী শাটল ট্রেন যথারীতি চলাচল করে। প্রত্যেক বিভাগে ক্লাসসমূহ বন্ধ ছিল। পরিসংখ্যানসহ কয়েকটি বিভাগের গতকালের নির্ধারিত পরীক্ষা অনুষ্ঠিত হয়নি। তবে ব্যবস্থাপনার 'পরীক্ষাসমূহ' যথারীতি অনুষ্ঠিত হয়।

এদিকে ভর্তি ফরম জমা দেয়াকে কেন্দ্র করে ছাত্রলীগের দু' গ্রুপের মধ্যে গতকাল ১নং রেল স্টেশনে সংঘর্ষ হয়। উজ্জ্বল গ্রুপের ফারুকের সাথে কলিম গ্রুপের সুমনের কথা কাটাকাটি হলে ছাত্রলীগ চ.বি. সাধারণ সম্পাদক মোহাম্মদ কলিম হস্তক্ষেপ করে পরিস্থিতি নিয়ন্ত্রণের চেষ্টা করে; কিন্তু কর্মীদের উচ্ছৃঙ্খলতার জন্য তার এ প্রচেষ্টা ব্যর্থ হয়। পরবর্তীতে কলিম গ্রুপের কয়েকজন কর্মী ফারুককে ধাক্কা দেয়। এতে পরিস্থিতি অবনতির দিকে ধাবিত হলে হাটহাজারি থানার ওসি মাহফুজুর রহমানের হস্তক্ষেপের কারণে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে।

পরিস্থিতি শান্ত হওয়ার পর উজ্জ্বল গ্রুপের সমর্থকরা ক্যাম্পাসে মিছিল বের করে এবং শাহজাহান-কলিমের বর্তমান কমিটিকে অবাস্তিত ঘোষণা করে।